


**“মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনাসমূহের বাস্তবায়ন/আংশিক
বাস্তবায়ন/চলমান/প্রক্রিয়াধীন) তালিকা”**

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতিসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
০১।	বাগেরহাট জেলার রামপাল উপজেলায় বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ।	বাগেরহাট জেলার রামপাল উপজেলায় বিদ্যুৎ কেন্দ্রের ১ম ইউনিটের কার্যক্রম গত ২২/১২/২০২২ তারিখে সম্পন্ন হয়েছে। বর্তমানে অপারেশনে রয়েছে। ২য় ইউনিটের কারিগরি বিষয়ক কাজ ১০০% সম্পন্ন হয়েছে। বর্তমানে ইউনিটটি চালুর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ও উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।
০২।	চট্টগ্রামে কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ।	প্রকল্পটির বেসিক ইঞ্জিনিয়ারিং এর কাজ ১০০% সম্পন্ন হয়েছে এবং কারিগরি বিষয়ক কাজ ৯৯.৮৯% সম্পন্ন হয়েছে। প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৭.৫৭% এবং সার্বিক অগ্রগতি প্রায় ৯৮.৮৭%। বিদ্যুৎ সরবরাহের পূর্ববর্তী ধাপ হিসেবে সিনক্রোনাইজেশন কার্যক্রম চলমান রয়েছে।

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহ	বাস্তবায়ন অগ্রগতি
০১।	নবায়নযোগ্য জ্বালানি উৎস হতে বিদ্যুতের উৎপাদন বাড়াতে হবে। সৌর বিদ্যুতের আরও প্রসার ঘটাতে হবে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের ছাদে সৌর বিদ্যুতের প্যানেল স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। চরাঞ্চল, পাহাড় ও বিচ্ছিন্ন জনপদে বিদ্যুৎ সুবিধা পৌঁছাতে হবে। এজন্য ঐসব এলাকায় মিনি-গ্রিড স্থাপন করতে হবে।	বিদ্যুৎ বিভাগের ০৬টি ইউটিলিটি (বিআরইবি, বাবিউবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো এবং নেসকো) হতে ৬,৮২৯টি শিক্ষা প্রতিষ্ঠানে ৪৪১৯.১ কিলোওয়াট ক্ষমতার (কি:ও:পিক) সৌর বিদ্যুতের প্যানেল স্থাপন সম্পন্ন হয়েছে। এছাড়াও সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপনের প্রক্রিয়া অব্যাহত রয়েছে।
০২।	প্রি-পেমেন্ট মিটার স্থাপনের কাজ দ্রুততার সাথে সম্পাদন করতে হবে এবং এ বিষয়ে জনগণকে সচেতন করতে হবে।	বর্তমানে দেশে বিদ্যুতের মোট গ্রাহক সংখ্যা ৪৪৬৪৪৯৪১। এ পর্যন্ত স্থাপিত মোট প্রি-পেইড মিটারের সংখ্যা ৫৪৫৩৫৪৫ টি। ২০১৬-২০১৭ হতে ২০২০-২১ অর্থবছর পর্যন্ত প্রি-পেইড মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা ছিল ৬৬৫৬০৩০ এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫ বছরে স্থাপিত মোট প্রি-পেইড মিটারের সংখ্যা ৩৭৯৭৮০৩টি। ২০২২-২৩ অর্থবছরে মোট প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে ৪৩৬২৫২টি। অবশিষ্ট প্রি-পেমেন্ট মিটার কার্যক্রম স্থাপন দ্রুতগতিতে এগিয়ে চলছে।
০৩।	বিদ্যুৎ স্থাপনাসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ তদারকির জন্য একটি বিশেষায়িত উইং স্থাপনসহ বিদ্যুৎ খাতের কার্যক্রম প্রচারের জন্য পাবলিসিটি উইং স্থাপন করতে হবে।	বিদ্যুৎ স্থাপনাসমূহের পরিচালন ও রক্ষণাবেক্ষণ তদারকির জন্য একটি বিশেষায়িত উইং স্থাপন সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়নে GE (General Electric)-এর সাথে JV গঠনের মাধ্যমে মেইন্টেন্যান্স কোম্পানি গঠনের লক্ষ্যে বাবিউবো উদ্যোগ গ্রহণ করেছে। বাবিউবো থেকে গত ১৩/০৩/২০২৩ তারিখে সার্ভিস টিম গঠনের প্রস্তাব বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে। এক্ষেত্রে প্রাপ্ত প্রতিবেদন পর্যালোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৪।	সাউথ জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি ও নর্থ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-কে কার্যকরকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ইতোমধ্যে নর্থ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ গঠন হয়েছে এবং ১০/০১/২০১৬ তারিখ থেকে তাদের কার্যক্রম শুরু করেছে। ২০১৭ সালে উক্ত কোম্পানির নাম পরিবর্তিত হয়ে নর্দান ইলেকট্রিসিটি সার্ভিস কোম্পানি লিমিটেড নামকরণ করা হয়। সাউথ জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানির বিষয়টি PO-59 এর সংশোধন ও হালনাগাদ করার পর বাস্তবায়িত হবে।



০৫।	ইজিসিবিকে শক্তিশালীকরণের লক্ষ্যে হরিপুর/সিদ্ধিরগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র হস্তান্তরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।	ইজিসিবিকে শক্তিশালীকরণের লক্ষ্যে হরিপুর/সিদ্ধিরগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র হস্তান্তরের বিষয়টি PO-59 এর সংশোধন ও হালনাগাদ করার পর বাস্তবায়িত হবে।
০৬।	বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে পেট্রোবাংলার ন্যায় কর্পোরেশনে রূপান্তরের কার্যক্রম গ্রহণ করতে হবে।	বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে পেট্রোবাংলার ন্যায় কর্পোরেশনে রূপান্তরের বিষয়টি PO-59 এর সংশোধন ও হালনাগাদ করার পর বাস্তবায়িত হবে।
০৭।	প্রচলিত পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি Off-grid এলাকাসহ বিভিন্ন ক্ষেত্রে নবায়নযোগ্য জ্বালানি যেমন সূর্যের আলো, বায়ু শক্তি এবং নদীর স্রোত ব্যাপক ও বহুমুখী ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ উৎপাদনের অফুরন্ত সম্ভাবনা সম্পর্কে গবেষণা কার্যক্রম ও প্রকল্প গ্রহণ করতে হবে।	Design and development of a strategic flow-acceleration system to maximize the power output of a conventional open (bare) wind turbine in context of Bangladesh প্রকল্পের ডাটা এনালাইসিসের কাজ চলমান রয়েছে। প্রকল্পের মেয়াদ ৩১/১২/২০২৩ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এছাড়া Energy Harvesting Glass for Green Building Applications প্রকল্পের LC খোলার জন্য প্রিন্সিপাল ইনভেস্টিগেটর ব্যাংকের সাথে আলোচনা চলমান রয়েছে। এ প্রকল্পের মেয়াদ জুন-২০২৩ তারিখ পর্যন্ত।
০৮।	বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের ব্যবস্থা করতে হবে। এ জন্য স্থানীয় সরকার বিভাগের সাথে সমঝের মাধ্যমে কোম্পানি গঠনের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।	০১। ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ৪২.৫০ মে:ও: (নেট) বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পটি আগামী ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে DNCC বিদ্যুৎ কেন্দ্র স্থাপনকল্পে জায়গা হস্তান্তর করা হলে স্পন্সর কোম্পানি নির্মাণ কাজ শুরু করবে। স্পন্সর কোম্পানির নাম WTE Power Plant North Dhaka Private Limited. ০২। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ৪০-৪৫ মে:ও: বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের জন্য স্পন্সর কোম্পানি Canves Environmental Investment Company Ltd. এর বিরুদ্ধে অভিযোগ থাকায় নতুন কোন স্পন্সর কোম্পানির প্রস্তাব গ্রহণ প্রক্রিয়া শুরু হবে। ০৩। কেরানীগঞ্জ মিউনিসিপাল সলিড ওয়েস্ট টু ১±১০% মে:ও: এনার্জি কনভার্সন পাইলট প্রকল্পের বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য Local Consultant এর সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। ০৪। নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন ৬ মে:ও: বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পটি নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক কোম্পানি বরাবর জমি হস্তান্তর করা হয়েছে। কোম্পানি কর্তৃক চায়না সরকারের নিকট overseas investment এর permission এর জন্য আবেদন করা হয়েছে। স্পন্সর কোম্পানির নাম UD Green Energy (NCC Bangladesh) Company Limited. ০৫। গাজীপুর সিটি কর্পোরেশন ৪২.৫ মে:ও: বর্জ্য হতে বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের ক্ষেত্রে নতুন কোন স্পন্সর কোম্পানি Canves Environmental Investment Company Ltd. এর বিরুদ্ধে অভিযোগ থাকায় নতুন কোন স্পন্সর কোম্পানির প্রস্তাব গ্রহণ প্রক্রিয়া শুরু হবে।


 ২৫/০৭/২৩
 সিনিয়র সহকারী সচিব
 উন্নয়ন-৪ শাখা
 বিদ্যুৎ বিভাগ
 রক্তা লায়লা
 সিনিয়র সহকারী সচিব